প্রেস রিলিজ

তারিখ: ০৯ নভেম্বর ২০২৬

নজরুলের জীবন, সাহিত্য ও আদর্শ নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেওয়ার আহ্বান বাউবি উপাচার্যের

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে 'নজরুল বর্ষ উদযাপন' উপলক্ষে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (৯ নভেম্বর ২০২৬) সকাল ১০টায় গাজীপুরস্থ বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের কেন্দ্রীয় সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম।

সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান বলেন, "কাজী নজরুল ইসলামের শিক্ষাদর্শন ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠার মূল ভাবনার মধ্যে গভীর সাদৃশ্য রয়েছে। নজরুলের শিক্ষা-চিন্তা ছিল প্রথাগত শিক্ষাপ্রতিষ্ঠানের গণ্ডি পেরিয়ে জীবনব্যাপী ও সর্বজনীন শিক্ষার সুযোগ নিশ্চিত করা। তিনি বলেন, বাউবি দেশের দ্বিতীয় বৃহত্তম শিক্ষার্থীসংখ্যার বিশ্ববিদ্যালয় হিসেবে দেশের পাশাপাশি সাতটি দেশেও শিক্ষা কার্যক্রম সম্প্রসারণ করেছে। একটি জাতির অস্তিত্ব ও স্বকীয়তা রক্ষায় নিজস্ব সংস্কৃতির চর্চা ও বিকাশ অপরিহার্য উল্লেখ করে তিনি সুস্থ সংস্কৃতির বিকাশে সরকারের উদ্যোগকে স্বাগত জানান। তিনি আরও বলেন, নজরুল বর্ষ উদযাপনের মাধ্যমে নতুন প্রজন্মের কাছে জাতীয় কবির জীবন, সাহিত্য ও আদর্শ নতুনভাবে তুলে ধরার প্রয়াস অব্যাহত থাকবে। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক গুণগত উৎকর্ষ সাধন এবং বাউবিকে অনন্য উচ্চতায় নিয়ে যেতে সম্মিলিতভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন"।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd